182. Ac 910 31.

# পূণিয়ার ইতিবৃত।


প্রথম থপ্ত ৷

শ্রীভবানন্দ সিংহ প্রণীত ও প্রকাশিত।



খানাবাড়ী। (পূর্ণিয়া।)

> সন ১৩১৫ সাল ২রা চৈত্র।



182. Ac 910 31.

# পূণিয়ার ইতিবৃত।

প্রথম থপ্ত ৷

শ্রীভবানন্দ সিংহ প্রণীত ও প্রকাশিত।



খানাবাড়ী। (পূর্ণিয়া।)

> সন ১৩১৫ সাল ২রা চৈত্র।

#### বহরমপুর মজুমদার প্রেদে প্রিণ্টার শ্রীবিপ্রদাদ বন্দ্যোপাধ্যায় দারা মুদ্রিত।

THE PROPERTY OF THE PROPERTY O

পরম পুজনীয়

# গ্ৰীমুক্ত নানু শোলাল সিংহ

অগ্রজ মহাশয়ের

#### পৰিত্ৰ কৰক্ষলে

আন্তরিক ভক্তি প্রজার সহিত

# পূৰ্ণিয়াৰ ইভিৰ্ভ

উৎদৰ্গীকৃত

रहेल।

• • -• 1

## ভূমিকা।

বাঙ্গালা, বিহার, উড়িয়ার শেষ মুদল্মান রাজধানী মুশিদা-বাদের বহু রাজনৈতিক ব্যাপারের সহিত পূর্ণিয়ার ঘনিষ্ট সম্বন্ধ ছিল । পূর্ণিয়ার বিস্তৃত ইতিহাদ দেখা যায় না। এই অভাব পূরণকল্পে আমার ক্ষুদ্র শক্তি সমস্তই নিয়োজিত করি-য়াছি। ৪ বৎসরের কিছুকাল পূর্ব হইতে আমি পূণিবার ইতিহাদ দক্ষলন কার্য্যে হস্তক্ষেপ করি। ইহার দক্ষলন के প্রবৃত্ত হইয়া আমাকে অনেক বাঙ্গালা, সংস্কৃত, পারদী, আমীয় ও নেপালী গ্রন্থাদি এবং পুরাতন কাগজপত্র সংগ্রহ ও পাঠ করিতে হয় এবং বহু আয়াদ স্বীকার করিয়া পূর্ণিয়ার নানাস্থান পধ্যটন করিতে হয় এবং এই জেলার বহু প্রাচীন কার্ত্তি পরি-দর্শন ও পর্যালোচনা করিতে হইয়াছে। পূর্ণিয় ও কিশন-গঞ্জের প্রদিদ্ধ মোক্তার স্বর্গীয় উপেক্তনাথ চট্টোপাধ্যায় ও ফুশিদা-वां वर्त्रभभूतत कि मिक्ष करिं। शाकात वांतू विकृष्ठि कृष्ण मिक्र मात মহাশয়ের উৎসাহ ও পরিশ্রমে আমি এত শীঘ্র এই ইতিবৃত্ত সঙ্গলন কার্য্য সমাধা করিতে সক্ষম হইয়াছি। এজন্য আমি আন্তরিক কৃতজ্ঞতার দহিত তাঁহাদিগকে ধন্যবাদ প্রদান করি-তেছি। আমার বহু যত্নাজ্জিত এই পূর্ণিয়ার ইতিবৃত্ত এক্শণে জনসাধারণের স্নেহদৃষ্টি আকর্ষণ করিলে আমার ব্যয়, পরিশ্রেম ও সময় দার্থক জ্ঞান করিব। এ গ্রন্থে কোন কোন স্থানে ভ্রম ও ক্রটী লক্ষিত হইলে পাঠকগণ ক্ষমা করিবেন।

খানাবাড়ী, পূর্ণিয়া। ১৩১৫। ২রা চৈত্র।

থাস্থকার।

# श्रीशंत शेषियु ।





#### আকৃতিক বিবরণ।

পূর্ণিরা জেলার উত্তর সীমা দেপালরাজ্য ও দারজিলিং, পূর্কে নাগরমনী
ইহাকে জলপাইগুড়ি, দিনাজপুর ও মালদহ হইতে পৃথক করিতেছে, দক্ষিশ্বে
গলা ও পশ্চিমে কুশীনদী ইহাকে ভাগলপুর জেলা হইতে পৃথক করিতেছে বি আই সীমান্তর্গত ভূভাগের পরিমাশ ফল প্রায় ১০০০ বর্গ মাইল এবং অধিবাসীর শংখ্যা প্রায় বিশ লক্ষ 1

পূর্ণিরা নামটি আধুনিক। পূর্বে ইহার এ নাম ও সীমা ছিল নাম জনশ্রুতি এই যে "মুসলমান অধিকারের বহু পূর্বে বর্ত্তমান পূর্ণিরা সহয়ে পূরণটাদ নামে এক হিন্দু রাজার রাজধানী ছিল। সেই পূরণটাদের নাম হইতে সহরের নাম পূর্ণিরা হইরাছিল। এবং ইংরাজ অবিকারে ভাহা হইতে জেলার নাম করণ হইরাছে।" কিছু লিবিত ফাগজ পত্রে ইহার বিশেষ কোন প্রাণ্ড পাওরা যার না। পূরণটাদ কে এবং কোন সময়ে এতদক্ষে রাজত করিতেন ভাহারও কোন নিদর্শন পাওয়া যার না। লিবিত কাগজ

#### পূর্ণিয়ার ইতিবৃত্ত।

পত্রের মধ্যে খৃষ্টের ষোড়শ শতাকীর শেষভাগে প্রনীত আবুল ফজলের আইন-ই আক্ররী গ্রন্থে 'পরকার পূরনীয়া' নাম দেখিতে পাওয়া যায় মাত্র। ইহাতে নিশ্চয় করিয়া বলিতে পারা যায় যে আইন-ই আক্ররী গ্রন্থ প্রনায়ন নাম হইয়াছিল। মুসলমান অধিকারের স্ত্রপাতের সময় উত্তর বাঙ্গালায় এক প্রকার প্রান্ধত ভাষা প্রচলিত ছিল। তাহা সংস্কৃত ও বাঙ্গালা ভাষার সন্ধিছল। সাধারণ লোকে ইহাকে ব্রন্ধবুলি বা মৈথিলি ভাষা কহে। পূরণীয়া শব্দ সেই প্রান্ধা ভাষার 'পূর" ও 'নীয়া" শব্দ হইতে গঠিত হইয়াছে। পূরণীয়া অর্থাৎ সম্পূর্ণরূপে গ্রহণ করা বা অধিকার করা। পূর্ণীয়া শব্দ সেই পূরণীয়া শব্দের অপত্রংশ মাত্র।

নেপালের সরিহিত অত্যরস্থান ব্যতীত পূর্ণীয়া জেলার সমগ্র ভূমি সমতল ও বালুকাময় ভূভাগ উত্তর্গাংশের উচ্চ ভূভাগের মত প্রাচীন নহে। নদী আনিত বালুকান্তরেই এ জেলার দক্ষিণাংশের উৎপত্তি হইয়াছে। এক্ষণে গ্রাচীন নগর, সরোবর, তুর্গের ধ্বংসাবশেষ প্রভৃতি প্রাচীন প্রের চিত্র অধিকাংশই এ জেলার উত্তরাংশে দেখিতে পাওয়া যায়।

ইউরোপীয় ভূতব্বিদ্ পণ্ডিতেরা পরীক্ষা ছারা সিদ্ধান্ত করিয়াছেন যে,
পূর্ণীয়া জেলার বালুকাময় ভূমির অতি নিম্নে প্রস্তর্ময় স্তর আছে। উহা অতি
পূর্বে জলমগ্র ছিল। পরিশেষে কালপরিবর্ত্তনে ভূখণ্ডে পরিগত হইয়াছে। এই
কঠিন প্রস্তর্ময় স্তর নেপালের নিকটস্থ হিমালয় পর্বত হইতে আরম্ভ করিয়া
ক্রেমণঃ নিম্নগামী হইয়া আবার গন্ধার দক্ষিণ পারে রাজমহল ও সাহেবগঞ্জের
নিকট পর্বতাকার ধারণ করিয়াছে। বাস্তবিক পূর্ণীয়া জেলা নেপাল ও
সাহেবগঞ্জ পর্বতিশ্রেণীর মধ্যবর্তীর উপতাকা (টেরাই) মাত্র। এই ভূভাগ
সমুদ্র পৃষ্ঠ (Sea level) হইতে ২৭ ফিটের অধিক উচ্চ নহে। এই জন্ম
এ অঞ্চলে ৭। ৮ হাত খনন করিলেই জল পাওয়া বায়।

পূর্ণিয়া জেলার মধ্য দিয়া ক্ষুদ্র ও বৃহৎ অনেক নদী প্রবাহিত হওয়ার ইহার ভূমি বালুকামর হইলেও অতিশয় উর্বরা। অল্ল আয়াস ও পরিশ্রমে অপর্যাপ্ত শস্ত উৎপন্ন হইয়া থাকে। অল্ল বৃষ্টি হইলে শস্ত উৎপাদনের তত

এ জেলার নদী সমূহকে সাধারণতঃ তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। (১) কুশী ও তাগর শাখা কালীকুশী, সেওড়া ও নাগরধার। (২) পনার ও তৎশাখা পরয়ান। (৩) মহানকা ও তাহার শাখা ও উপনদী নাগর, বুড়ীমারী, পিতামু, ডক, কনকাই, মেচী, চেঙ্গা, রমজান ও স্থধানি। এই সকল নদী বরাবর একস্থান দিরা প্রবাহিত থাকে না। প্রায়ই নদীর প্রোতের পরিবর্ত্তন হইয়া থাকে। পুর্বের মেচী নদী বর্ত্তমান ঠাকুরগঞ্জের নিক্ট দিয়া প্ৰাৰাহিত ছিল। একণে সেস্থান হইতে আয়ে ৭।৮ মাইল পুৰ্বেই চলিয়া গিয়াছে! রমজান পূর্বে একটি বেগবতী স্রোতস্বতী ছিল একণে ক্ষীণকায় স্বন্ধতায় হইয়া স্থানে স্থানে স্রোত্রিগীন দীর্ঘিকায় পরিণত হইয়া রহিয়াছে। কুশী একটি বিখ্যাত বেগবতী স্লোতস্বতী। ইহা অতি পূর্ব্বে পূর্ণিয়া সহরের মধ্য দিয়া প্রবাহিত হইয়া বর্ত্তমান বারসোই প্রামের নিকট মহানন্দার সহিত মিলিত হইয়া মালদহের উত্তর ও রঙ্গপুর ও দিনাজপুর জেলার মধ্য দিয়া প্রবাহিত ছইয়া করতোয়ার সহিত সন্মিলিত হইয়া আতেয়ী নাম ধারণ করিয়া ব্রহ্মপুত্র 🗸 মদে পতিত হইয়াছিল। কিন্তু একণে ঐ কুশীর স্রোত পরিবর্তিত ইইয়া পূর্ণিয়া জেলার পশ্চিম সীমা দিয়া গঙ্গার সহিত মিলিত হইয়াছে এবং মহানন্দাও বারসোই হইতে বরাবর দক্ষিণাভিমুখী হইয়া প্রাচীন গৌড়ের পশ্চিম দিয়া গঙ্গায় পতিত হইয়াছে। ১৮১১ সালে ডাক্তার বুচানন হামিণ্টন সাহেৰ **ত্রতদঞ্চলের যে বিবরণী লিখিয়াছেন তাহাতে তিনি এই বিষয় বিশদরূপে** দেখাইয়াছেন। বাঙ্গালা গ্ৰণ্মেণ্টের বিষরণী লেখক স্থানিদ্ধ ডাক্তার হণ্টার সাহেবও এবিষয়ের পোষকতা করিয়াছেন। \*

<sup>\*</sup>We have evidence that this river Kusi passed below the town of Purneah, and thence due south to the Ganges .....

Where the original bed of the Kusi was, it is nearly impossible to state. Dr. Buchanan Hamilton also admits that the pundits or learned men, who inhabit its banks, refer to a period of remote antiquity, when the Kusi had no connection with

পুর্ণিয়া জেলায় সাধারণতঃ শীত ও বর্ষা এই ছুই ঝতুর আধিকা দেখা ধায়। হিমালকের সন্নিহিত ৰলিয়া শীতের প্রাহর্জাব অত্যস্ত অধিক। অক্টোবর মাস **ই**ইতে এপ্রিল মাস পর্যা**ন্ত** শীত থাকে। জুন মাসের শেষ ইইতে <mark>জা</mark>রক্ত হইয়া সেপ্টেম্বর পর্যান্ত বর্ষা। সমগ্র বর্ষাকালে গড়ে অন্যুন ৩৫ ইঞ্চি বৃষ্টি পতিজ হয়, জুন ও জুলাই মাদে দিনের ৰেলায় ৰালুকা উত্তপ্ত ইইলে গ্রীম অমুভূত হয় কিন্তু রাত্রে শীত ৰোধ হয় ৷ ৰৰ্ধাকালে পূৰ্ব্যদিক ইইতে বাস্কু বহিয়া থাকে 🛭 এই বায়ু জলীয় বাষ্ণে পরিপূর্ণ ও অস্বাস্থ্যকর। শীতের সমন্ন পশ্চিম দিক হইতে বায়ু প্ৰবাহিত হয়। উত্তর বা দক্ষিণ দিক হইতে বায়ুপ্ৰবাহ অতদঞ্চল অপরিজ্ঞাত 🖡

পুণিয়া জেলার জল বায়ু অস্থাস্থাকর বলিয়া প্রবাদ আছে। কিন্তু ৰৎসক্ষ ৰ্টাপিয়া এরূপ <del>অ</del>স্বাস্থ্যকর থাকে না । ৰৰ্ষার পর হ**ইতে আ**রস্ত হইয়া ক্ষেক্রয়ারি নাস পর্যান্ত এ জেলায় ম্যালেরিয়া জ্বের প্রাকোপ দেখা যায়। কিন্তু অক্ত সময় ইহা স্নিগ্ধ ও স্বাস্থ্যকর থাকে। ম্যালেরিয়ার প্রাত্তাৰ অধিক ইইসেও এখানে মৃত্যু সংখ্যা তত অধিক নয়। পূৰ্ব্বে পূৰ্ণিয়ার জলবাস্কু এরূপ ম্যালেরিয়া পূর্ণ ছিল না। নদীর স্রোত পরিবর্ত্তিত হওয়ায় ও পূর্বেস্থান প্রবাহিত খ্রাদ শ্ৰোতৰিংীন জলাভূমিতে পরিণত হওয়ায় এবং রেল্পথ প্রভৃতি প্রস্তুত হওয়ায় জল নিফাশনের পথ সকল অধক্ষ হওয়াতে বর্ষার সঞ্চিত জল বালুকাময় ভূমিতে প্রবেশ করতঃ কৃপ ও ইন্দারান্থিত পানীয় জ্বল দূবিত করে। ক্ষুভরাং বর্বার শেষে উহা ম্যালেরিয়ারূপে স্বীর প্রাহর্ভাব প্রকাশ করে। যখন

eastward through the present Purguna of Tazpore and the south of the present District of Dinajpore and Rangpore to join the Brahmaputra in the east of Bengal. Dr. Buchanan Hamilton regards this tradition as highly probable, and thinks it not unlikely that the great chain of lakes and marshes, north and east of Maldaha, are the remains of a great river bed formed by the united Kusi and Mahananda.—Dr: W. W. Hunter's Statistical

Account of Bengal Vol XV PP 931 & 939

#### পুর্ণিধার ইতির্ভ ।

কুনী পূর্ণিয়া সহরের নিকট দিয়া প্রবাহিত ছিল, তথন মুসলমান নৰাবেরা পূর্ণিয়া সহরের নিকট রামবাগ, বেগমদেউড়ি, খুস্কীবাগ প্রভৃতি স্থানে আপনাদের প্রাসাদ নির্মাণ করিরা স্বছন্দে কালাতিলাত করিয়াছিলেন। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি দাওরানী ভার প্রাপ্ত হইবার পর ঐ সকল স্থানে আপনাদের কাছারি ও সৈন্ত নিবাস সংস্থাপন করিয়াছিলেন। কিন্ত কুশীর স্রোত পরিক্তিত হইয়া পূর্ণিয়ার পশ্চিম সীমা দিয়া প্রবাহিত হইলে পূর্ণিয়া সহরের নিকটক্ত কুশীর প্রাতন ধাদ অস্থান্তাকর জলাভূমিতে পরিণত হইয়া এরপ অস্থান্তাকর হইয়া উঠে যে ১৮২০ সালে ইংরাজ কোম্পানি ঐত্যান হইতে সৈন্ত নিবাস স্থানান্তরিত করিতে বাধা হন। এবং ১৮৩৫ খৃষ্টান্দে দাওয়ানি ও ফৌজদারি কাছারি মধুবানিতে স্থানান্তরিত করেন। অতি পূর্বের্গ পূর্ণিরার জল বায়ু বর্ত্তনান সময় অপেক্ষা উত্তম থাকিলেও গলগও এখানকার প্রধান রোগ ছিল। এখানকার নদীর জলে ঐ রোগ উৎপন্ন হয় বলিয়া স্থিরীক্ত হইয়াছে। একণে শোকে কৃপ খনন করিয়া তাহার জল ব্যবহার করিতে আরম্ভ করায় ঐ গলগঙ রোগেরও হ্রাস হইয়াছে।

#### দিতীয় অধ্যায়।

#### আদিন অধিবাদী। আর্য্যাধিকার।

আর্থা হিন্দ্রণের অধিকারের পূর্বের এদেশে যখন ভিল, কুকি, কোচ, কোল প্রভৃতি অনার্থ্য জাতির বাসস্থান ছিল। বোগ হয় সে সময় এই পূর্ণিয়া জোনার দক্ষিণ ভাগ জননার থাকার মন্ত্র্যা আবাসের অফোগ্য ছিল। এবং উচ্চ উত্তরাংশ সে সময় অনার্থ্য জাতির আবাস ভূমি ছিল। উত্তর অপেক্ষা দক্ষিণাংশের আধুনিকভার প্রমাণ প্রথম অধ্যায়ে প্রদর্শিত হইয়াছে। আর্থ্যগণ ঐ সকল অনার্থ্য জাতিদিগকে দ্রীভূত করিয়া দিয়া এ প্রদেশে আধিকার বিস্তৃত

জঙ্গল ও পর্বতে আশ্রয় গ্রহণ করে। পূর্ণিয়া জেলার উত্তর পূর্ব ভোট ও
আসামের পর্বত ও জঙ্গলে এখনও এই সকল ভিল, কুকী প্রভৃতি অসভ্য
জাতিদিগকে দেখিতে পাওয়া বায়। আবার কোচ, কোল, পোলিয়া, কায়র
ও নট প্রভৃতি অসভ্য জাতিদিগের মধ্যে কেই কেই বিজেতা আর্য্যদিগের
দাসত্ব স্বীকার করিয়া এদেশে বাস করিয়াছিল। এদেশে অধুনা যে সকল
রাজবংশী, গণগাই, কোচ, কোল, নট, পোলিয়া ও কায়ৢর প্রভৃতি লোকদিগকে
দেখিতে পাওয়া যায় ইহারাই সেই আদিম অধিবাসীর সন্তান। ইহাদের
আঞ্বতিগত. বৈলক্ষণ্য (উয়ত হয় high cheek bone ও চেপটা নাসিকা
flat nose) দেখিলে স্পট্টই অনুমান কয়া বায় যে, ইহারা ককেসিয় জাতীয়
মন্থ্য নহে। আবার এই বিজেতা আর্যাও জিত অনার্য্য জাতির মিশ্রশে
কাল সহকারে অনেক বর্ণসন্তর জাতির উৎপত্তি হইয়াছে। আন্ত কাল
এদেশ মধ্যে যে মৃশহর, ডোম, বাগ্দী, মাঝি, দোসাদ বেলদার, মুনিয়া প্রভৃতি
ভিন্ন ভিন্ন শ্রেণীর লোক দেখিতে পাওয়া যায় তাহাদিগকেই এই বর্ণসন্তর
জাতি বলিয়া প্রতীত হয়।

কোন্ সময় যে এ দেশে জার্য্য অধিকার প্রথম বিস্তৃত হয় তাহা নিরাকরণ করা হ্রন্থ। আর্য্য হিন্দৃগণের ভারতবর্ষে প্রবেশের ও সরস্করী নদী তীরে উপনিবেশ সংস্থাপনের পর যে তাঁহারা গাঙ্গ প্রদেশ বিজয়র্থ পূর্ব্বাভিমুথে অপ্রসর ইইরাছিলেন তাহার আর সন্দেহ নাই। আর্য্যগণের সদানীর নদী পার পর্যান্ত দিগ্রিজ্ঞারে এক বিবরণ শতপথ ব্রাহ্মণে (১ম-৪) দেখিতে পাওয়া যায়। যথন বিদেহরাজের কুলপুরোহিত গোতন ঋষি অগ্নি বৈশ্বানরকে আহ্বান করেন তথন রাজার মুখ হইতে অগ্নি প্রদীপ্ত হইরা ভূমিপ্র্টি হইবা মাত্র বৃক্ষাদি দহন করিতে করিতে পূর্ব্বাভিমুথে ধাবিত হইতে থাকেন এবং বিদেহরাজ ও গৌতম ঋষি তদমুবর্তী হন। অগ্নি অরণ্য ও নদ নদী দহন করিতে করিতে অগ্রসর হন। কিন্তু হিমালর নিস্তে সদানীর নদী দহন করিতে করিতে সক্ষম হন নাই।

ইহাতে দেখা যায় যে বিদেহ রাজের সময় আর্য্যগণ সিন্ধু হইতে সদানীর

স্ত্রান্ধণে লিখিত সদানীর নদী কোন্ট। পূর্ণিয়ার ভূতপুর্ব ডিব্লীক্ট জল্প পরে হাইকোর্ট জল্প মিঃ পার্জিটর সাহের স্থালিখিত 'প্রাচীন হিন্দুরাজা' \*
নামক ইংরাজি পুত্তিকার বলেন যে বর্তুমান গগুক নদীই শতপথ প্রাহ্মণাক্ত সদানীর। কিন্তু শতপথ প্রাহ্মণের টীকাকার সায়নাচার্য্য সদানীরকে কর্বতায়া নদী বলিয়া ব্যাখা করিয়াছেন। সদানীর শক্ষে যাহাতে সর্বলা অর্থাৎ বৎসরের সকল সময়ই জল থাকে। ইহাতে দেখা বাইতেছে যে কর্বতায়া আর সদানীর সমান অর্থবাচক। বর্ত্তমান কর্বতায়া শতপথ প্রাহ্মণোক্ত যে সদানীর তাহা পণ্ডিত রবুনন্দন সংগৃহীত করতোয়ার জোত্রে স্পষ্ট দেখিতে পাওয়া যায়। বাহা হউক যে সময়েই হউক আর্ব্যেরা অনার্য্য জাতিদিগক্ষে পরাজয় করিয়া সিদ্ধু হইতে করতোয়া পর্যান্ত রাজ্য বিস্তার করিয়াছিলেন।

পূর্ণিয়ার উত্তর সীমা অতিক্রম করিয়া নেশাল রাজ্যের মধ্যে প্রায় ১০ । ১২ কোশ পথ অতিক্রম করিলে বরাংছত্রে গমন করা বায় । এই বরাংছত্রে প্রতিবংশর কার্ত্তিকী পূর্ণীমার দিন একটি মেলা হয় । তত্বপলক্ষে তথায় বছতর যাত্রী ও সয়াসির সমাগম হইয়া থাকে । একটি ক্ষ্ম গিরিনদীর নিকট পর্বত্ত গহরের ভগবানের বরাং মূর্ত্তি প্রতিষ্ঠিত আছে । জনশ্রতি এই যে ইহার অনুরে হিরণ্যাক্ষের আবাস ভূমি ছিল । ভগবান বরাহমূর্ত্তি ধারণ করিয়া এই গহরের মধ্য দিয়া গমন করতঃ পাতাল মধ্যে হিরণাক্ষ দৈতাকে বধ করেন, সেইজন্ত এই স্থানকে এ প্রদেশের লোকে মহাতীর্থ বিলয়া জ্ঞান করে । এবং ইহাতেও ক্ষান্তই প্রতীয়মান হইতেছে যে, এদেশে আর্য্য উপনিবেশ হইবার পূর্ব্বে জনার্য্য অস্থাদির বাস ছিল ও হিরণ্যাক্ষ অস্থ্য তাহাদের অধিপতি ছিল । ধামবাহা ধানার প্রায় ৫ ক্রোল উন্তরে ধাররা নামক প্রামে এক প্রাচীন হর্গের ভগ্নস্ত পূর্ব্বে উহা স্কৃত্ত ছিল । এতদঞ্চলের লোকে উহাকে দৈত্য হিরণ্যকশিপুর নির্দ্ধিত বিলয়া থাকে । প্রায় ৫০০ বিঘার অধিক সমচতৃক্ষোণ ভূমির চতৃর্দ্ধিকে ভিত্তিও পরিখা এখনও বিদ্যমান আছে । মধ্যে থাসাদের ভগ্নাবশেষ ইন্তক রাশি

<sup>\* &</sup>quot;Aryan kingdoms of Eastern India"

#### পূর্ণিরার ইভিস্ত ৷

বিরাজ করিতেছে। ইহার পূর্কদিকে উর্নাধোভাবে প্রোথিত একটি প্রস্তুর

য়য়ৢ৾ দৃষ্ট হয় । প্রভদঞ্চলের লোকে উহাকে মণিকাউুম কহে। এই

প্রায়ুর ম্বান্তের ব্যান প্রায় № হয় । এবং ভূমি হইতে উচ্চতা ও হজেরও কিছু

মধিক হইবে। এই প্রায়ুর স্বস্তুটি উঠাইবার জন্তু প্রায় ১৫।১৬ হাজ
বোদিত হইয়াছিল। কিন্তু তথাপি ভাহার প্রান্তভাগ পরিদৃষ্ট হয় নাই।

এইরপ কিন্তুল কালে বে, দেবজোহী হিরণকেশিপু প্রজ্লাদকে এই
প্রস্তুরম্বন্তে বন্ধন'করিয়াছিল। যাহা হউক প্রভদঞ্চল যে পূর্কে অনার্য্যগণের

করতলন্থ ছিল ও পরে আর্য্যগণ তাহাদিগকে দুরীভূত করিয়া আপনাদের

মধিকার স্থাপন করেন ভাহাতে আর সন্দেহ নাই।

## তৃতীয় অধ্যায়।

#### মৎস্থাদেশ—চাকুরগঞ্জ ৷

আর্থ্য অধিকৃত সমগ্র আর্যাবর্ত্ত আবার তির তির রাজ্যে বিভক্ত ইইয়াছিল ।
মন্ত্রগংহিতার সেই সকল রাজ্যের উরেশ দেখিতে পাওরা ধার। কিন্তু তাহাতে
কোন্ রাজ্যের সীমা কতদ্ব বিস্তৃত ছিল তাহার বিশেষ কোন পরিচয় পাওরা
আর না। মন্ত্রগংহিতার মংক্ত রাজ্যের নাম উরেশ আছে মাত্র, কিন্তু সেই মংক্র
রাজ্য আর্যাবর্ত্তের কোন্ স্থানে কতদ্রে ছিল তাহা নির্ণয় করা হরেছ। মহাভারত, ভাগবত, কালিকাপুরাণ, যোগিনীতন্ত্র প্রভৃতি গ্রাম্থে মংক্ত দেশের থেরশ
বিবরণ পাওয়া যায় তাহাতে একপ্রকার অন্ত্রমান করিতে পারা বায় যে, শ্রসেন,
পাঞ্চাল, ত্রিগর্ত্ত ও মংক্রবাজ্য পরস্পার মংলয় ছিল। \* এবং এই সকল রাজ্য
হিমালয়িরি হইতে পশ্চিম দক্ষিণ বিদ্যাচল পর্যান্ত বিস্তৃত । শ্রসেন,
বর্ত্তমান মগুরা; পাঞ্চাল বর্ত্তমান কাণ্যকৃত্ত এবং ত্রিগর্ত্ত বর্ত্তমান তিহত
নামে অভিহিত হইয়া থাকে। মহাভারতে আরও দেখা যায় যে ত্রিগর্ত্তরাজ্ব

কুকুক্টেঞ্চ মংস্তাশ্চ প্রাক্ষালাঃ শ্রদেনক।। এব প্রক্ষার্থিদেশোবৈ প্রকাবর্তাদনন্তরঃ।

অপিন সীমাত মংশ্রাজা অনেকৰার আক্রমণ করিরাছিলেন িতিহতের পশ্চিমে কথেজিরাজ্য। স্তরাং মৎশুরাজ্য ত্রিক্তের পূর্বদীমায় থাকাই সম্ভব হইতেছে মহাভারতে উলিখিত কৌ গুলারাজ্য বর্তমান আসামদেশ; ইহা আসামের বুরঞ্জী লেখকগণ সন্তামাণ করিয়াছেন। শুভরাং মৎপ্ররাজ্য ব্ৰিছ্ডরাক্ষ্যে স্ক্ হইতে কৌশুলাদেশ পর্যান্ত বিস্তৃত ছিল তাহাতে সন্দেহ নাই। মহাভারতে মৎস্তদেশ বিরাটরাজা বলিয়া উক্ত হইয়াছে। উত্ত্রে দেখিতে পাওয়া বায় যে, বিরাটদেশ করতোয়া হইতে হিমাচল পর্যান্ত শত যোজন বিস্তার্ণ সর্বাসিন্ধি পুণাক্ষেত্র \*। অতএব দেখা যাইতেছে বে, ত্রিগর্ভের পূর্বসীমা কৌশিকী নদী হইতে করতোরা পর্যন্ত সমগ্র ভূভাগ অংশ্রে অন্তর্গতঃ অর্থাৎ বর্জনান পুর্বিয়া, দিনাজপুর ও র্জপুর জেলা লইয়া মংস্থাদেশ বিস্তৃত ছিল। ডাকুবি ৰুচানন কামিল্টন্ ১৮১১ খা অব্যে এদেশের যে বিবর্ণী লিখিয়া গিয়াছেন তাহাতে তিনি এই পুর্ণিয়া জেলাকে প্রাচীন মংশুদেশ বলিয়া স্থির করিয়াছেন। অপিচ জাব্যেরা বিনা অর্থে যে কোন শব্দ প্রয়োগ করিতেন এরণ বোধ হয় না; পুর্ণিরা দিনাজপুর প্রেড্ডিউজ্লের নদী সমূহে বেরূপ অপর্যাপ্ত বিবিধ প্রকার মংজ পাওরা যায় ভারতের আর কুতাপি এরপ দৃষ্টিগোচর হর না। এই মংস্ত শ্রেষাস্থা দেখিয়াই বোধ হয় আর্ব্যেরা এদেশকে মৎক্ত আখ্যা দিয়া থাকিবেন ৷

শনপ্রমণ কালে পাওবেরা অথবা তাঁহাদের বজের অহা এ প্রদেশে আইনে নাই বলিয়া কোন কোন লোকে পূর্ণিয়া জেলাকে পাওবেরজিত দেশ বলিয়া অপবাদ দিয়া থাকেন। একথা সম্পূর্ণ অমূলক। পাওবেরা যে এতদেশে আসিয়াছিলেন তাহা পর অন্যান্তে উল্লেখ করা যাইবে।

মহাতারতে দেখা যায় যে, বিরাট মৎশুদেশের রাজা ছিলেন। মহাতারতের বিরাট রাজার পূর্বে মৎশুদেশের কোন রাঞার নাম খাওয়া যায় না।

বিরাট দেশ নধ্যেতু পাদাকুলি নিপাতনং। তৈরব অমৃতাক্ষণ দেবী তত্রাধিকা স্মৃতা।
 করতোরাং সমাসাদ্য কাবং শিখন বাসিনীং। শৃত বোজন বিস্তীর্ণ ত্রিকোণ্ড সর্কসিন্ধিনং ।

মহান্তারভের সমরে সংক্রানে কিরাত, কিচক প্রভৃতি ফাতির বাস ছিল দেশা বার। বিরাট রাজার খালক কিচক ঐ সম্প্রদারের অধিনায়ক ছিল। কিরাত, কিচক, চীন প্রভৃতিরা উপনয়নাদি জাতকর্মবিরহিত থাকায় ধর্মশান্তপ্রশেতা মহাতাহাদিগকে শ্রভাবাশয় ক্রিয় বলিয়া বর্ণনা করিয়াছেন \*! ইহাতে স্পষ্ট প্রতীত হইতেছে যে, অধুনা বে সকল কিরাত, কিচক, কোচ, গণগাই প্রভৃতি জাতীয় লোক এ জেলার উত্তরাংশে দেখিতে পাওবা বার ভাহারা এক সমরে অনার্য্য আদিম অধিবাসীদিগকে এতদঞ্চল হইতে দ্রীভূত করিয়া দিয়া আপনারা এদেশে উপনিবেশ সংস্থাপন করিয়াছিল।

পরে মহাভারতীয় সমরে আবার উপনরনাদি সংস্থারসম্পদ্ধ ক্ষতিরের।
আসিরা ঐ কিরাত, কিচকদিগকে পরাস্ত করিয়া আপনাদের প্রভুদ্ধ স্থাপন
করেন। তয়্মবিশেবে এই মংস্তদেশকে বিরাট বা কিরাতদেশ বলিয়া উরেধ
করা হইয়াছে। এজেলার কোচ, পলিয়ারা আপনাদিগকে রাজবংশী বলিয়া
পরিচর দিয়া থাকে। রাজবংশী শক্ষার্থে রাজবংশকাত অর্থাৎ কত্রির সন্তান।
বাধ হয় মহাভারতীয় কিচকরাজ ইহাদিগের অধিনারক বা রাজা ছিলেন,
পেইজস্ত কিচক শক্ষের অপত্রংশ কোচ বা পলায়নকারী অর্থে পলিয়া আখা
হইয়াছে এবং উত্তম অর্থে রাজবংশী কহে। যাহা হউক, বর্ত্তমান রাজবংশীরা
মন্ত্রক্থিত ব্রক্তমণত ক্ষত্রিয়বংশজাত তাহা একেবারে অন্থীকার করিতে পারা
বার না। তবে ইহারা প্রাচীন অনাধ্য জাতির সহিত মিশ্রিত হইয়াছে বলিয়া
অনেকে ইহাদিগকে মঙ্গোলীর শ্রেণীভুক্ত অনার্য্যজাতির মধ্যে গণ্য করেন।

ক্ষাগঞ্জ হইতে প্রায় ২ ক্রোশ উত্তরে ঠাকুরগঞ্জ। ইহা কালিয়াগঞ্জ থানা হইতে প্রায় ২ ক্রোশ। পূর্বের মেচী নদী এই ঠাকুরগঞ্জের পূর্বে শীমা থোঁত করিয়া ছই ক্রোশ দক্ষিণে আসিয়া কালিয়াগঞ্জের নিকট মহান লার সহিত মিলিত ছিল, কিন্তু এক্ষণে উহা ঠাকুরগঞ্জ হইতে ৩। ৪ ক্রোশ পূর্বে দিয়া প্রবাহিত হই-তেছ। ইহার পুরাতন খাদ এখনও ঠাকুরগঞ্জের নিকট বিদ্যমান আছে। লোকে

<sup>\*</sup> শন্কৈন্ত ক্রিয়ালোগাদিমাঃ ক্রির জাতয়ঃ। ব্যল্পং গতালোকে ব্রাহ্মণাদর্শনেন চ । ৪৩ ।
প্রেক্ত ক্রক্টেড জাবিডাঃ কামোজা ব্যনাঃ শকাঃ। পার্গাঃ পছ্যান্টানাঃ কিরাতা দর্গাঃ থণাঃ ।

ভাষাকে বৃদ্ধী নদী কলে। ঠাকুরগঞ্জ একণে কলিকাভার ঠাকুর বাব্দিগের অমিন্দারি কভেপুরসিলিরা পরগণার অন্তর্গত । ৬।৭ বৎসর গত হইল, এখানে তাকুর বাব্দিগের জনদারী কাছারি স্থাপিত হইরাছে এবং ১৯০০ সালে গভর্ণনেন্ট এখানে থানা স্থাপিত করেন। কলিকাভার ঠাকুর বাব্দিগের কাছারি আছে বিশ্বা বে ইহার নাম ঠাকুরগঞ্জ হইরাছে ভাষা মহে। ঠাকুর বাব্দিগের পূর্বেষ বখন ইহা মুর্লিদাবাদের স্থাপেন জমীদার রার ধনপথ সিংহ বাহাছরের জমিদারী ছিল তখনও ইহা এই নামে আখ্যাত হইত। এখানে বিরাট রাজার রাজধানী, দেবালয় ও উত্তরগোগৃহ ছিল বলিরা এই ধ্বংসন্ত্ পকে লোকে ঠাকুরগৃহ বলিত। পরে ইহার সল্লিকটে সাপ্তাহিক হাট ও জনেক আড়ভদার-দিগের ব্যবসা টুবাপিজ্যের স্থান হওয়ায় ইহার নাম ঠাকুরগঞ্জ হইয়াছে। ইহার ২ জেশি উত্তরে নেপাল রাজ্য।

জনিদার মহারাজা সার বোতীক্রমোহন ঠা কর কে, দি, এস, জাই, বাহাছরের সংবোগ্য নারেৰ বাবু রঘুনাথ বাজপেয়ী মহাশয়ের যত্ন ও পরিশ্রমে বছকালের জঙ্গলপরিবৃত ঠাকুরগঞ্জ একণে এ জেগার একটা প্রধান স্থান হইরা উঠিয়াছে।

যান্তবিক ঠাকুরগঞ্জের ধ্বংসন্ত প দেখিলে বোধ হর যে, ইহা অতি প্রাচীনকালে হিন্দু দিগেরই ছিল। এই ধ্বংশন্ত প দেখিতে একটা প্রন্তর নির্মিত
প্রাচীন হর্গের ভগাবশেষের মত। স্থানটা অগরাপর নিকটবর্ত্তী স্থান অপেক্ষা
প্রায় ৩০ ফিট উচ্চ এবং আয়তনে ৮ বর্গ মাইলের কম হইবে না। বছদিন
গত হইল, ইংরাজ কোম্পানীর দেওয়ানীভার প্রাপ্তির পর, বগুনাএই জেলা প্রথম
ধাকবন্ত জরিপ করা হয় ওখন এই কার্ব্যের প্রধান কর্মচারী টেলর, ও রিচার্ড
সাহেব এই ঠাকুরগঞ্জের ভগাবশেষ খনন করাইয়া করেকখানি খো দত দিলালিপি বাহির করিয়াছিলেন। এই সকল দিলালিপি কলিকাতা মিউজিরমে
রক্ষিত হইয়ছে। তাহার পরে জমিদারী কাছারীর্নায়েব রব্নাথ বাবু কর্তৃক্
মৃত্তিকা গর্ভ হইতে বাহস্কত । প্রন্তর্তরনির্মিত দেবমূর্ত্তি ও প্রাসাদের ভগাবশিষ্ট
স্ব্রাচীন প্রন্তর্ভন্ত দুষ্টে প্রতীয়্রমান হয়্মীব্র, এই স্থানে বিরাটরাজার প্রাসাদ
ছিণ এবং উইলে বারাজ্য পশ্চিমে কুশী নদী হইতে পূর্বেক করতোয়া পর্যান্ত

বিস্তৃত ছিল। প্রাক্তর্থিদ্ ভাজার হন্টর সাহেবও এ বিষয়ে, ভিন্নত

কেবল ইহাই নহে। এই ঠাকুরগঞ্জের বিরাটভবনে পাশুবেরা অঞ্জাতবাসে ছিলেন। ঠাকুরগঞ্জের প্রায় ও কোশ উত্তরপূর্ব্ধে ছুইটা অনতিউক্ত
নৃত্তিকান্ত পু আছে। এখানকার লোকে উহাকে 'ভীমভার'' বলে। এরপা
প্রবাদ আছে যে, পাশুবেরা দ্রৌপদী সমাভবাহারে যমুনাভীরস্থ শুরুসেন বন
হৈতে অজ্ঞাতবাসের জভ্ড মহন্তদেশে বিরাটরাজধানী বর্ত্তনান ঠাকুরগঞ্জ
অভিমুবে আসিবার সমর পথে এক কুন্তুকারগৃহে আভিথা প্রহণ করেন।
কুন্তুকারপত্নীর আভিথা সহকারে দ্রৌপদীর আভিদূর হইলে উভরের কথোপকথনে স্রৌপদী অবগত হইলেন যে, এ প্রদেশে ঘটাদি নির্মাণোপযোগী
মৃত্তিকার জভাব প্রযুক্ত কুন্তুকারের ব্যবসায়ের সমাক স্ক্রিধা নাই।
এজভ্ কুন্তুকার পত্নী হীনাবস্থার দিনবাপন করেন। কুন্তুকারপত্নীর ক্রথায়
কোপদীর মন বিগলিত হইল এপং ভাহার অভাবমোচনের বাসনায় ভীমসেনকে একথা বাক্ত করিলেন। রাত্রে সকলে নিদ্রিত হইলে, ভীমসেন দুর্ব্বর্ত্তী
বন হইতে ঘটাদি নির্মাণোপযোগী একভার মৃত্তিকা আনরন করিয়া কুন্তুকার গৃহ্বের
সন্ধিকটে রাখিয়া দেন। রাত্রি প্রভাত হইবার পূর্বেই পাণ্ডবেরা প্রান্ত্রের

<sup>\* &</sup>quot;At Thakurganj, in the northern part of the District (Purneah) stones with inscriptions were dug up by the Great Trigonometrical Surveyors, several years ago, when the triangulation of the District was being effected. They are said to mark the site of the chief residence of a Raja Virat, whose territory ay along the east of the Kusi, and included the country round about as far as Rangpur and Dinajpur."

Dr. W. W. Hunter's Statistical Account of Bengal.

শভাত হইলে কুন্তকার দম্পতী ও ভাষাদের পাতিবেশিগণ পর্মতাকার সৃতিকাত্ব প দেখিয়া বিশ্বরাবিষ্ট হয়। পরে কিচকের মৃত্যুসংবাদে প্রোৎসাহিত হইয়া
বিরাটনাকের চিরশক্র ত্রিগর্জাক্র যখন কৌরবদিগের সহিত মিলিত হইয়া
সন্দৈয়ে বিরাটের উত্তরগো-গৃহ লুগুন করিতে বান এবং বৃহল্লগাল্পী অর্জ্ন
নার্থীর সাহায্যে যখন বিরাটতনর উত্তর কৌরবসেনার সহিত মুদ্ধে জয়লাজ্র
ক্রেন তথন অক্ষাত্রানী পাঞ্চবদিগের পরিচয় প্রকাশিত হইলে সকলে বুঝিতে
প্রারিশেন বে, এই পাশুবেরাই কুক্তকারগৃহে অতিথি হইয়াছিলেন এবং ভীমসেনই সেই মৃত্তিকাত্ব প আনরন করিয়াছিলেন। ওদর্থি ঐত্যান "ভীমভার"
নামে অভিহিত হইয়া আলিতেছে।

ঠাকুরগঞ্জের প্রায় দেড় ক্রোশ উন্তরে মেট্রী নদীর অপর পারে "কিচকবধ" নামে এক স্থান আছে। ইহা নেপালরাজ্যের মোরক জেলার অন্তর্গত, পালবুক্ষের জন্দলে পরিবৃত। এখানে একটা তুর্গের ধ্বংসাবশেষ বিদ্যমান রহি-য়াছে। উহার বহিঃরক্ষণ প্রায় ২০ ফিট উচ্চ। ছুর্গের সন্নিকটে বহির্ভাগে। ভূগৰ্ভ হইতে একটা প্ৰস্ৰৰণ নিৰ্গত হইয়াছে। প্ৰস্ৰৰণটা দেখিতে সাধাৰণ কুপের ম্বার। ইহার ব্যাস প্রায় ছই হস্ত পরিমিত, ভূগর্ভ হইতে বালুক।মিশ্রিত জগ সবেগে উৰ্চ্ছে উখিত হইতেছে। দেখিলে ইহাকে স্প্ৰবাহক কুপ ( Artesian ) well) ৰণিয়া ৰোধ হয়। ইহার জাল আতি নির্মাল ও স্বাস্থ্যপ্রদা এথান-কার লোকে এই বহিরুৎসকে ''পাতাল গঙ্গা' বলিয়া থাকে। এরূপ কিন্দস্তী আছে যে, এই হানে বিরাটরাজের শ্রালক কিচকের প্রাদাদ ছিল। ছুরু ত কিচ্ক ছদাৰেশী দৈরিক্রীয় রূপে বিমোহিত হইয়া তাহার প্রতি অস্তান আচ-র্ণ করিতে কুতসংকল হইলে, অজ্ঞাতৰাসী মধ্যম পাওৰ ভীম রাজে কিচককে এই স্থানে নিহত করেন। পরে ভূমিতে মুষ্ট্যাম্বাত করিয়া এই স্থানে এক বারি-উৎস উৎপাদন করেন ও স্বীয় অঞ্চাদি ধৌত করণান্তর বির টভবনে প্রকার্ত্ত হন। তদৰ্ধি এই স্থান "কিচকবধ" নামে অভিহিত হইয়া থাকে। এই স্থানের অনভিদ্রের জ**লকে ''উত্তরার উপবন'' কহে।** বিরাট তন্য়া উত্তরা ঐ স্থানে ৰনধিহার করিতেন। ইহাও একণে শাল, হরিতকী, কডাক প্রভৃতির জলবে পরিণত হইয়াছে। নহাভারতের লিখিত সময়ে এই

মংস্তলেশ যে কেবল আৰ্য্য ক্ষতিয়দিগেরই আবাসভূমি ইইয়াছিল ত্রিমত নহে 🕫 ইহা সংস্ক:রাপল ব্রাহ্মণক্ষিগণেরও আবোসভূমি হইয়াছিল। পুরাণে এই 🖍 সংস্তদেশের কৌশি নী ৰা কুশী নদী সহা পুণাতোয়া ৰলিয়া বৰিত হইয়ছে। কৌশিকী পূর্ব্বে গাধিরাজের কন্তা ও রাজর্ধি বিশ্বামিত্রের ভরিদী ছিলেন। ইহাঁর নাম সত্যবতী। দ্বিজৰর ঋচীক এই সত্যবতীর পাণিগ্রহণ করেন। কিরৎকাল পরে এই ঋচীকের পত্নী সতাৰতী ও খঞা পুত্রক।মনা করিয়া যথাবিধি চরু পাক ক্ষিতে প্রার্থনা করিলে শ্বচীক স্থীয় পদ্ধী সত্যবতীর নিমিন্ত ব্রহ্মমন্ত্রে এবং খাশার জন্ম কাত্রখন্তে চক পাক করিয়া সানার্থে গখন করিলেন। এই সময়ে সত্যৰতীর জননী মনে করিলেন, ভাষ্যার প্রতি ভর্ত্তার সমধিক ক্ষেহ হইয়া থাকে। আমাতা আমার কন্তার নিমিত্ত যে চক্র পাক করিবাছেন তাহা অৰ্ঞ আমার নিমিত্ত প্রাণিত চক্ষ অপেক্ষা প্রের্গ হইরা থাকিবে, অতঞা কল্পার নিকট ঐ চক্ন প্রার্থনা করিলেন। সভ্যবতী জননীর প্রার্থনায় ব্রহ্মদন্তে প্রাপত স্থীয় চক্ষ মাতাকে কাদান করিয়া আপনি ক্ষাত্র-মন্ত্রপুত জননীর চক্ষ ভোজন করিলেন। অনস্তঃ মুনি ঋচীক প্রভাগেত হইয়া যখন ঐ বিষয় অবগত হইচেন তখন পত্নী সত্যৰতীকে কহিলেন "তুমি অতিশয় গঠিতকৰ্ম করিয়াছ, চক্ল ৰিপৰ্য্যন করাতে তোমার পুত্রতিয়ার দণ্ডধর হইবে আর তোমার ভ্রাতা**রেশ্বন হই**বেন''। এতৎশ্ৰণে সভাৰতী ভীতা হইয়া-ৰিবিধ ৰিনয় করিতে লাগিলেন; তথন মুনি ঋচীক প্ৰসন্ন হইয়া ৰলিলেন ''তৰে তোমার।পোত্র ভয়ানক হইৰে''। সভাৰতীর ক্রমদগ্রি নামে পুত্র ইইল। যোর দওগর পৌত্র নিরীক্ষণ করিতে না হয় 'এজস্ক সভাৰত মহাৰ্য ঋচীকের প্রার্থনায় লোক-পাৰনী পুণাসলিকা কৌশিকী নদী হইরা রহিলেন \*। এই সত্যৰতীর পোল্র পরভরাম, যিনি একবিংশতিকার পৃথিবী নিক্ষ ত্ৰন্ন কৰেন কৰং ভ্ৰাভা রাজৰ্বি বিশ্বামিত।

এই প্রসরপুণ্সলিলা কৌশিকী নদী বর্তমান পূর্ণিরা জেলার পশ্চিমসীমা বাহিনী কুশীনদী নামে অভিহিতা। ইয়ার তীরে মহর্ষি শমীকের আশ্রম ছিল। অভিমন্ত তনর রাজা পরীক্ষিত মাতৃশালর মহক্রদেশে মৃগরা করিছে, আসিয়া ক্রংগিগাসার কাতর হইরা শমীক ঋবির আশ্রমে আগ্রমন পূর্বাক পানার্য জল প্রার্থনা করিলে, ব্যাননিমন্ত মহর্ষি শমীক রাজা পরীক্ষিতকে সম্ভাবণ না করার রাজা বেরূপে মৃত সর্প ঋষির গলার দিরা চলিরা বান তাহা মহাতারতের আদিপর্কে বিশেবরূপে বর্ণিত আছে। তৎপরে ঋষিপ্রে শৃঙ্গী অংশ্রমে আসিরা পিতার তাদৃশ অবস্থা দৃষ্টে ক্রোধারিত হইরা কুশী নদীর জলগভা্ব হস্তে নইবা রাজা পরীক্ষিতকে অভিশাপ বেন \*।

কৌশিকী নদীর জলগভূব হতে লইয়া অভিশাপ দেওরাতে স্পষ্টই বুঝা ।

যার বে, শমীকের আশ্রম কুশী নদীর তীরে ছিল। আর সেই কৌশিকী বে প্রতিমান পূর্ণিয়া জেলার পশ্চিমবাহিনী কুশী নদী তাহাতে আর সংক্ষে
নাই, কারণ অন্ত কোথাও কুশী নামে কোন নদী দৃষ্ট হব না।

বিরাটের পর মহাভারতে এই মংস্তদেশের আর কোন বিবরণ পাওরা যার না। কুরুক্তেত্রের মহাবৃদ্ধে বিরাট ও তাঁহার পুত্রগণ নিধনপ্রাপ্ত হন। পরে কৌঞ্জা † ও পৌঞ্রাজা ‡ প্রবল হইরা মংস্তদেশ পর্যান্ত আপন অধিকার বিস্তার করিরাছিল।

দেখিতে পাওয়। যায় যে বিরাটের রাজধানী বর্ত্তমান ঠাকুরগঞ্জের প্রায় ১৩
ক্রোপ পশ্চিমে বেন্তুগড় নামে এক বিখ্যাত হান আছে। তথার প্রাচীন হর্ণের
ক্ষংসাবশের জন্যাপি বিদ্যমান আছে। অনেকে ইয়া বানরাজার
নির্মিত কহিয়া থাকেন । বলিরাজার বংশধর স্থপ্রসিদ্ধ বানরাজা
ক্রোণ্ডিল্যদেশের অধীখর ছিলেন । শোণিতপুর উ:হার রাজধানী ছিল।
পোণিতপুর আসাম প্রদেশের অন্তর্গত বর্ত্তমান তেজপুর। ইহার অনতিদ্রে
অন্তিগড় নামে এক পর্কত আছে। প্রীমন্তাগবতে দেখা বায় যে, প্রীক্ষকের পৌজ্র
অনিরন্দ কৌণ্ডিল্যেখর বানরাজার রাজধানী শোণিতপুরের অনতিদ্রবত্তী
অনিরন্দ কৌণ্ডিল্যেখর বানরাজার রাজধানী শোণিতপুরের অনতিদ্রবত্তী
অন্তিগড় প্রবেশ করিয়া বানরাজার কত্যা উষাকে হরণ করিয়া লইয়া

গ্ৰেমি প্ৰস্তুতি পূৰ্বত শেশ

ইত্যুক্তা রোষতাদ্রকো বয়তান্থিবালক: ।
 কৌশিক্যাপ উপস্পৃত্ত বায়ন্ত্রং বিসমর্জহ ॥

শ্ৰীমত্বাগৰত। ১ম ক্সক। ১৮ অধ্যাম 🔭 🖼 🤻

আসাংমর অন্তর্গত বর্ত্তমান কুলীননল !

বান \*। মুঙরাং বিরাট রাজবংশের লোপের পরে এদেশে কৌজিলারজি

দানের অধিকার-স্থাপন ও ছুর্গ-নিশ্বাণ অসম্বভ বলিয়া বোধ হয় না। অপিচ
বৈমুগড়ের ধ্বংসাবশেষ মধ্যে যে সকল খোদিত প্রস্তরগ্রস্ত ও হস্ত পদ নাদিকাদি ছেদিত বিস্কৃতাক দেবমুর্জি পাওয়া যায় তাহাতে একপ অমুমান করা বাম যে ইহা অভি প্রাচীন কালে ক্ষত্রির রাজগণের সম্পত্তি ছিল।

## চতুৰ্থ অধ্যায়।

#### কিরাতদেশ, বরিজান, গন্ধবিডাঙ্গা।

কালকমে কোণ্ডিলারাজ্যের প্রাথান্ত লোপ হইলে প্রাপ্তরেলাভিবপুর প্রবল হইরা কেট্ডিলাদেশ প্রাস করে। এবং এই স্থবিস্তীর্ধ মৎক্ষদেশ নানা ক্রে শুক্ত রাজ্যে বিভক্ত হইরা পড়ে। এ সময় এ দেশের মংক্ত আখ্যার লোপ হয়। মহানন্দার পূর্বর সমগ্র ভূভাগ প্রাগ্রেলাভিবপুরের অন্তর্গত্ত হয়। পূর্ণিয়ান্ধানী কিরাতেরা পুনরার প্রবল হইয়া উঠে, এবং পূর্ণিয়ার উত্তরাংশ নানা ক্রে ক্রে অংশে বিভক্ত হয়। দক্ষিণভাগ পৌপ্ত বর্ষনের ও পশ্চিমাংশ মিধিলার অধিকারে আইসে। ৰাস্তবিক এ সময় এ জেলার উত্তরাংশে রীভিম্ত কোন রাজ্য সংস্থাপিত হয় নাই। কিরাত, কিচক প্রভৃতি শুরভাবাগল অসভা জাতিরা স্ব স্থ প্রধান হইয়া উঠে।

খৃষ্টপূর্ম চকুর্য শভানীতে গ্রীসরাজ্যুত মিগান্থনিয় মগথের রাজধানী পাটলিপুত্র নগরে চক্রগুপ্তের সভার ছিলেন। তিনি তদানীত্তর ভারতের এক বিবরণ লিখিয়া গিয়াছেন। তিনি তদানীন্তন ভারতের ১১৮টী শগুরাজ্যের উল্লেখ করিয়াছেন; কিন্তু ভাহাতে মগধরাজ্যের পূর্মভাগে পোতুর্মন ও প্রাগ্রোভিষপ্র ভিন্ন অন্ত কোন রাজ্যের নামোলেখ নাই।

ইয়াতে স্পষ্টই প্রতীর্ষান III যে, সে সমন্ন পূর্ণিয়া জেলার উত্তর ভাগে উল্লেখ যোগ্য কোন রাজ্য ছিল না।

থ্টপূর্ব ভূতীর শতাকীতে অশোকের রাজ্যকালে বৌদ্ধর্ম দইরা
ভারতে মহা ছপত্নল পড়িরা ধার। বৌদ্ধর্ম মগধের রাজ্যর্ম হইরা উঠে ইপ

এ সময় দেখা ধার মে অনেক প্রান্ধণ বৌদ্ধর্মের উৎপীড়নে মগধরাক্তা পরিন্
ভাগি করিরা পৌজুরাজ্যের অধিকারভুক্ত পূর্বিরা জেলার দক্ষিণাংশে আসিরা
বাস করেন। অধুনা পূর্বিরা জেলার বামধাহা ও গৌন্দবারা ধানার এলাকার
ও কুশীনদীর তীরে যে মৈধিল প্রান্ধণগণের বাস দেখা বার, তাঁহাদের পূর্বনপুর্বিরা সেনার মগধ ইততে জাসিরাছিলেন। আর পূর্বিরা জেলার
পশ্চিমাংশ মিথিলার অন্তর্গত থাকার অনেক প্রান্ধণ এরারিরা ও রাণীগঞ্জ
থানার এলাকার আসিরা বাস করেন। "অশোক আবদান" নামক একখানি
আচীন বৌদ্ধপ্রন্থ নেপালে আণিক্ষত ইইরাছে, এই প্রন্থানি অশোকের ওক্
উপগুপ্তের জনৈক শিব্যের প্রণীত বলিরা প্রানদ্ধ। অশোকের রাজ্যকালের
মধ্যবহিত পরে এই প্রন্থ লিখিও হর। ইহাতে দেখা বার বে অশোকের জাতা
বৌদ্ধেরী বীতশোক পাটলিপুর ইইন্ডে বিভাড়িত ইইরা ব্রাহ্মণ্যধর্মের আশ্রম্ম
হান পৌ পুরাজ্যের অধিকারে আসিরা বাস করেন।

মহাকৰি কালিদান উক্তরিনীর ক্রান্তা বিজ্ঞাণিতার সভার থাকিয়া রঘুবংশাদি নানা সংস্কৃত কাব্য রচনা করেন। রাজা বিজ্ঞাণিতার খারের এণ বংসর পূর্বে বর্তমান ছিলেন। সে সমরের প্রণীত কালিদানের রঘুবংশে ভারভের তলানীন্তন রাজ্যের উল্লেখ দেখিতে পাওরা যার। দিঝিন জমে বহির্গত হইয়া রাজা অজ পাশ্চাত্য কাখোল, পারসিক, হন প্রভৃতি কাতিকে পারাজিত করিয়া হিমালরের পার্কত্য প্রাদেশ দিরা পূর্বাভিম্থে প্রাগ্রোতিষপুর আক্রমণ করিতে যাইবার পথে কিরাতদিগের সহিত তাঁহক ঘোরতর যুদ্ধ হর। এই বৃদ্ধে অলের জরগাত হইলে তত্রতা কিল্লরেরা অজের জরগান করিয়াছিল ক

বর্ত্তমান ঠাকুরগঞ্জ হইতে প্রায় ৯ ক্রোশ পশ্চিমে নেপালের সীমা উপকঠে গান্ধর্মভালা নামে এক স্থান আছে। ইহা পূর্ণিরা জেলার বাহাত্রগঞ্জ থানা চইতে ত কোশ উত্তর পূর্ব্যে অবস্থিত। ত্রী এখানকার সাধারণ লোকে ইহাকে ''গর্বন্-ভালা' কছে। এই স্থানের সামিরো জনেক কিরাত ও কিচক জাতির বাস দেখা বায়। পন্ধর্মভালায় কিরাভদিগের গড়ের চতুপার্বিস্থা অন্যাপি বিদ্যমান আছে; ইছার মধাস্থণে শাল্ব কের জঙ্গল। এই স্থানের প্রায় ২ ক্রোশ উত্তরে নেপালের মোরল অঞ্চলে অনেক দেবদান্ধ ও ভূর্জ্জবৃক্ষ দেখা যায়। সম্ভবতঃ কবি কালিদাস প্রই স্থানের সন্নিকটন্থ কিরাভলাতির বিষর আপন প্রছে উল্লেখ করিয়া থাকিবেন। আর স্থানের নাম গন্ধর্মভালা থাকায় বেধা, হর কবি কিররের কারগানের বিষর লিখিয়াছেন। প্রাগ্রেজাতিবপুরের রাজধানী কামক্রপ পূর্ণিয়ায় পূর্ব্ব সীমা হইতে পূর্বাদিকে জনেক দ্রে। কিরাতদিগের পহিত প্রের্ম্ব ব্রুম্বর পর কবি লোছিত্য নদীর পর পারে প্রাগ্রেজাতিবপুরের বিষয় ক্রেশ করিয়াছেন ।।

হিমালয়ের দলিকটে পার্ক্তীয় কিরাতদিগের পর যথন কামৰূপ রাজ্য তথন এই পূর্ণিয়া জেলার উত্তরাংশের কিরাতগণকে যে কবি কালিদান লক্ষ্য করিয়া-ছেন তাহাতে আর সন্দেহ নাই। কালিদান পার্ক্তীর কিরাতদিগের কোন রাজা যা অধিনায়কের উল্লেখ করেন নাই। ইহাতে স্থাপতি ব্যা যাইতেছে যে পূরীর শতাকীর পূর্কে বর্তমান পূর্ণিয়া জেলার উত্তরাংশে কিরাত প্রভৃতি পার্ক-ভীর শাতির প্রাধান্ত ছিল। কিন্তু তাহারা রীতিমত রাজ্য স্থাপন করিতে

লারাচ কেপনীয়াত্ম নিলেষেৎ পতিতানলম্ ॥ ৭৭ ।
শরৈক্তস্ব সক্তোন্ সকৃত্যা বিরত্তোৎসবান ।
জ্যোদাহরণং বাহ্বোর্শানরামাস কিল্লরান্ ॥ ৭৮ ।
রত্তবংশম্ । ৪র্থ সর্গ ।—

† চকম্পেতীর্ন সৌহিত্যে তল্মিন্ প্রাগজ্যোতিবেশর:
তলগজালানতাং প্রাথিঃ সহকালাগুরুক্ষিঃ ॥ ৮১ ॥
তদীশঃ কামরূপাণামত্যা গগুল বিক্রমং ।
তেনেভিন্ন কটিঃ নাগৈরস্থানুপ্ররোধ বৈঃ ॥ ৮২ ॥

व्यक्तभाग्। वर्षमर्गा-

পারে নাই। এক এক দলপতি স্ব শ্ব প্রধান হইয়া নানা জির ভির শ্বান 
ক্ষিকার করিয়ছিল। বৃদ্ধদেবের আনির্ভাবের পূর্বের নেপালরাজ্য কিরান্তদিগের করতলগত ছিল। নেপালের বর্জমান বীম্দার জাতি আপনাদিগকে
করিয়ত বা কিরান্তী জাতি কহিয়া থাকে। তাহারা এক সময় পাটলিপ্রক
অর্থাৎ বর্জমান পাটনা পর্যান্ত অধিকার করিয়া তথায় দেউল নির্দ্ধাণ
করিয়াছিল বলিয়া তাহাদিগের কুর্শিনামার লিখিত আছে। নেপানী
কিরাতগণ আপনাদিগকে ছই গোত্রে বিভক্ত করে; কাশী গোত্র ও লাসা
গোত্র। ভারতবর্ষীয় কিরাতগণ কাশীগোত্রীয় বলিয়া প্যাত এবং যাহারা:
মধ্য এসিয়াথও হইতে আগমন করিয়াছে তাহারা লাসাগোত্রীয় হওয়াই:
সম্ভবপর।

বর্তনান পূর্ণিরা জেলার উত্তরাংশে স্থানে স্থানে বে অনেক প্রাচীন মূর্ণেরঃ ধবংসাবশেষ দেখিতে পাওরা হার, সে সকল এই কিরাতদলপতিদিগের নির্মিত্ত ছিল বলিরা অমুমান হর। এ প্রদেশে এরপ কিষদন্তী আছে যে বরিধানগড়, নান্না ও কান্নাগড় এবং অমুরাগড় পৃষ্টের ৫০ বংসর পূর্বে কোন অমুররাজকর্তৃক এক রাল মধ্যে নির্মিত হয়। অমুররাজ কর্তৃক নির্মিত বলিয়া এই প্রদেশের কি হিন্দু কি মুসলমান সকলেই এই সকল গড়ের ধ্বংসাবশেষ প্রিজ্ঞানে তথার গমন করিতে সাহসী হর না

বিজ্ঞান গড়—ৰবিজ্ঞান গড় ক্ষণ্ড ইইছে প্রায় ৬।৭ ক্রোশ উত্তর পশ্রিমা শ্রীপুর পরগণার অন্তর্গত্ত। এখানে গাঁচটি অনতিউচ্চ জন্ধণ পরিবৃত ধ্বংসন্তর্গত দেখিতে পাওয়া যায়। এই পাঁচটী স্তুপের মধ্যে প্রায়ন্তাও বিদ্যাপতিত ভূমি আছে; অনুমান হয় যে উহা গড়ের মধ্যবর্ত্তী প্রান্তন ভূমি ছিল। স্থানে হানে হস্ত, পদ্যুলাসিকাদি ছিল্ল প্রস্তরময় দেবমূর্ত্তি পতিত বা অর্থপ্রোথিত অবস্থায় আছে দেখা যায়। এই সকল ধ্বংসন্ত পের পূর্বাদিকে অনতিদুরে এক বৃহৎ দীর্ঘিকা আছে, ইহাকে লোকে 'ভাকপুকুর' কহে। বরিজ্ঞান গড় ও ডাকপুখুর সম্বন্ধে এম্বানাকার লোকের মুখে অনেক অন্তুত্ত গল্পনা যায়। এখানে তাহার হ একটীর উল্লেখ করা গেল। (১) রাত্তে নিকটন্থ প্রাম্বাসীরা টাকা, মোহর প্রভৃতি নাড়েছ চাড়ার শক্ষ শুনিতে পাইত। গরে একজন স্থানী ক্রাম্বানী ক্রান্তন

দংশ খনন ক্রিয়া জ্বি প্রজ্ঞান ক্রিণে ঐ স্তুপ হইতে জনেক মোহর বাহিয় হয়। পরে প্রাতে সকলে দেখে যে সন্নাসী কিপ্ত হইতা অসংলগ্ন কথা বার্স্তা ঞ্ছিতেছে ও ক্রমাগত উচ্চহাক্ত করিতেছে। এই সন্ন্যাসীর পর আর কোন লোক ঐ স্থানে বাইভেও সাহসী হয় নাই। (২) কাহার বাদীতে কোন উৎসৰ উপলক্ষে তৈজদাদির প্রয়োজন হইলে এই ডাক পুরুরের নিকট পিয়া পুর্বাদিনে তৈজ্ঞাদি যাচ্ঞা করিলে রাজে পিতান কাংস্ত ও রৌপ্যমর তৈজসাদি ঐ পুক্রিণীর ভীরে উঠিয়া বাকিত। প্রার্কী প্রাতে বাইরা উহা লইর। আগিত; এবং ব্যৰহারান্তে আবার ঐ ভাকপুকুরের কলে ঐ সমস্ত তৈজগাদি রাশিরা আসিতে হইত। এইরূপে তৈজসাদি শইরা শোভৰশতঃ এক ব্যক্তি বাব-হারান্তে ফিরাইয়া না দিরা আত্মশৃৎে করে, ঐ সময় হইতে তৈজগাদি প্রাধি यक হইরা গিরাছে। (৩) এই ডাকপুকুরের সৃত্তিকা লইরা অক্স জলাশরে বিক্ষেপ করিলে সে জলাশরের সমস্ত মৎস্ত আসিরা এই নিক্ষিপ্ত মুভিকার নিকট জমা হইত।

পূর্ণিয়ার ইতির্ভ ৷

অক্সাগড়—অক্সাগড় ক্ষগঞ্জ হইতে ৯ জোশ দক্ষিণে মহানশার পূর্ব-পারে অরদূরে অংশ্ভিড। অঞ্রদেবের নির্মিত ৰলিয়া ইহাকে ''অসুরাগড়'' ক্ষতে। ইহার প্রকৃত নাম কিচকগড়। দেবনির্শিত বোধে এখানকার লোকে ইহার নিকট গমন করিত না। পরে এক সুসল্মান ফ্কির আসিয়া এখানে ক্ষেক্দিন অবস্থিতি করিল দেখিরা সাহসী হইয়া একণে মুসলমান স্ক্রেরা ইহার চতুপার্শ্বর ভূমিতে চাব আরম্ভ করিয়াছে। হিন্দুরা এখনও প্রতি বৎসর এখানে আসিয়া অস্থ্রদেৰের পূসা দিয়া থাকে। কিচক জাতীরেরা এখানে প্রতি ৰংসর চৈত্র মাসে সমাগত হয়। এই হুর্গ কিচক অধিপতি কর্তৃক নিৰ্মিত ৰলিয়া ইহাকে লোকে কিচকগড় কহে। অস্থ্যাগড়টী দেখিলে ৰাভাৰিক একটী দুর্গের বহিরক্ষণ স্থান (rampart) ৰলিয়া ৰোধ হয়। অনুমান হয় ইহা পুর্বে মহাননার পারে নিশিত হইয়াছিল, পরে মহাননা ঐস্থান হইতে প্রায় এক ক্রোশ পশ্চিমে সরিয়া গিয়া থাকিবে। এই গড় চতুষ্পার্শ্বস্থ ভূমি অপেকা প্রায়১৪ ফিট উচ্চ এবং ইছার পরিধি প্রায় সার্দ্ধ মাইলেরও অধিক ইইনে। এখনও এই স্থান খনন করিলে স্থানে স্থানে মৃত্তিকাগর্ভে প্রোধিত গৃহাদি দেখা যায়।

নানন্ কানন্গড়—নান্না কান্না গড়ের ধরংশভুপ অধ্যাৰাৰ শান্না कान्ना नामक चारन विदासन बरिवार्छ। थे चान्ही कुक्शंश हरेरछ हम ক্রোশ এবং ক্বফগঞ্জের অধীন ধানাবাড়ী গ্রাম হইতে ৩ ক্রোশ উত্তর পূর্ব্ব দিক্ষে ষ্পৰস্থিত। ছুইস্থানে ছুইটী সুবৃহৎ ইষ্টকস্কুপ ৰ্যতীত দুৰ্গের অক্স কোন প্ৰকার िक प्रिथिट शास्त्र शास्त्र ना। **यह दात्म कानाहेबाकी ना**ष्य धक्ति विज्ञ 🚁 ক্ষমূর্ত্তি ভগাৰস্থার বিদ্যমান রহিরাছেন। তৎসল্লিকটবর্তী হিন্দুগণ প্রতি বৎসর মাঘমাসে রবিবারে কানাইয়াজির পূজা করিয়া থাকেন। তথার আরও কএকটী প্ৰান্ত গ্ৰাম হিন্দু দেৰমূৰ্তি সংগ্ৰহ করা হইবাছে। তন্মধ্যে একটা বামন মুর্ভি বাবু প্রতিটাদ লালের ম্যানেকার বাবু মদনবোহন দান কর্ত্ব পোরাখালি কাছারীতে রিফিত হইয়াছে ৷ পড়ুর মুর্জি, থানাবাড়ীর অনাম ঝাত জমিলার ৺মধুস্দন সিংহ খারুদহের পরলোকগতা স্থ্যমনী চৌধুরাণীর দেবালয়ের সমুখে স্থাপন করিয়াছেন। থানাৰাজীর বিখ্যাত জমিদার ৰাবু শেখলাল সিংহ ও ৰাবু ভবাননা সিংহ মহাশন্দাগের ৰাটীতে একটা বিষ্ণুষ্ঠি এবং বিশ মনেরও অধিক ওজনের একথানি বৃহদাকার প্রাক্তরময় থিলান (arch) রক্ষিত হুইয়াছে। নান্না কান্না গড়ের এক মাইল উত্তর পূর্বে কএকটা স্বর্হৎ পুর্বরিশী আছে। তথ্যে "লোড়দিঘী" নামক পুকুরিণীবর বিশেষ উল্লেখ বোগা,। ইচার নিয়ভাগের পরিমাণ ১৬ বিখা এবং ইহার চতুস্থার্থ ই**ট্র বা**হা গ্ৰাথিত।

#### পঞ্চম অধ্যায় ]

#### বৌদ্ধপ্রাধান্য।---বরেন্দ্র ও মিথিলা বিভাগ।

পূর্ণিয়া জেলার উত্তরভাগ কিরাত ও কিচকদিগের হজে এবং দক্ষিণ-ভাগ পৌগুরাজ্যের অন্তর্গত ছিল, ইহা পূর্বেব বলা হইয়াছে । এ সময় পূর্ণিয়া

<sup>\*</sup> সিকিমদিগের হস্তলিখিত ইতিহাসে লিখিত আছে বে কারগোলা পর্যান্ত গলার উত্তর সমগ্রভাগ তাহার। দখল করির।ছিল। বস্তাত এই প্রদেশ কথন নেপালীগণ কথন বা সিকিষ্
অধীবাদিগণ করায়ত করিয়াছিল

কোর দাকণভাগ পূর্বের ক্রার জলমগ্র ছিল না, কুষি উপযোগী ক্ষেত্রে পরিণত হুইয়াছিল। তবে উল্লেখযোগ্য কোন প্রাম বা নগর সংস্থাপিত হয় নাই। অমুমান আ করেক শতাকী ব্যাপিয়া পূর্বিয়া ক্লেলা, এই অবস্থায় ছিল।

পরে পৌশু বর্জনের প্রাধান্ত হ্রাস হইলে তাহার স্থানে গৌড়াধিণতি পূর্বে ও উদ্ভার বাঙ্গালায় আপন প্রাধান্ত বিভার করেন। মগথের উচ্ছেদের পর বঙ্গের পালবংশীর বৌদ্ধন্পতিরা, গৃষ্টাব্দের দশম শতাব্দীর শেষ পর্য্যস্ত গৌড়ে রাজত্ব ক্রিরাছিলেন। এ সমরে বোধার্মা, পূর্ণিরা, ক্লাইগুড়ি, আসাম প্রভৃতি অঞ্চল পরিব্যাপ্ত হইয়াছিল ৷ ব্রাক্ষণ্যধর্ম লুপ্তপ্রায় হইলে সঞ্জে সঙ্গে আচার ব্যবহার রীতিনীতিরও পরিবর্তন ঘটিরা দেখ মধ্যে মহা ক্লমুল পড়িরা গিয়াছিল। বৌদ্ধর্মের অনেক চিহ্ন অদ্যাপি এতদঞ্জে বিদ্যমান আছে। আসাম ও পুৰিয়াৰ। জলপাইগুড়ি জেলার স্থানে স্থানে ৰিকলান্ধ অনেক বৌদ্ধদেৰমূৰ্ত্তি **অদ্যাপি দেখিতে পা**ওয়া হায়। বৌদ্ধপ্ৰতিষ্ঠিত ''হয়**গ্ৰীবমাধৰ'' নামে এক** দেৰালয় অদাপি জলপাইগুড়ি জেলায় বিদ্যুখান আছে। বৌদ্ধধৰ্মের উপপ্লক **এমন কি কামাধ্যাদে**ৰীর মন্দিরও জললে পরিবৃত হইরাছিল, বৌদ্ধর্ম বিতাজিত হইবার অনেক পরে তাহা পুনরাবিক্ষত হয়। এই বৌকপ্রাধান্তের সময় পুর্ণিয়া **ৰে**লার উত্তরাংশ পাল রাজাদিগের অধিকারভূক্ত হইয়াছিল এবং আসামের ক্ষতাপুরের রাজাবংশীয়েরা জলপাইগুড়িও দিনাজপুরের উত্তরাংশ হরগত ক্রিমাছিলেন৷ বৌদ্ধান্তের সময় নেপাল রাজ্যে নেওয়ার, মলর, গুরুল প্রভৃতি যে সকল জাতি ৰাস করিত তাহারা এবং নেপাল রাজ্যের য়াজাও **বৌদ্ধতাৰলম্বী ছিলেন।** ভুটিয়া ও তিৰ্বাতীয়গণ বৌদ্ধমত শিক্ষা করে। তাহাদের রাজ্য পুর্ণিয়ার উত্তর পূর্বে অংশ পর্যান্ত বিস্তৃত ছিল \*৷ খু: ইর দশম শতাব্দীর শেষভাগে বৌদ্ধধর্ম এতদ্বেশ হইতে তিরোহিত হয় :

বৌদ্ধর্ম এ প্রদেশ ইইতে তিরোহিত ইইনার একটা উপাখ্যান যোগিনী-তত্ত্ব দেখিতে পাওয়া যায়। একদা এক ব্রাফ্নানা যুগতী কন্তা ব্রহ্মপুত্রে সান ক্রিতে যান। বুকতীর রূপে ও ভক্তিতে ব্রহ্মপুত্র নদ প্রীত ইইয়া যুক্তীর প্রতি

<sup>#</sup> **ভূপাচরণ রক্ষিতের বাজালী** বৈখা ৬ পর্য ক্রীকে ১৯ পর্যা একলে ক্রীক

আসক হয়। অন্ধপুত্রের ঔরদে এই বৃষতীর গর্ভে এক পুত্র রূমে। এই পুত্র বরঃপ্রাপ্ত হইয়া কামরণের সিংহাসন অধিকার করেন.এবং বৌদ্ধর্ম বিভাজিত করিয়া পুনরার একদঞ্চলে শক্তি পূজার প্রচলন করেন ন ইহার বংশধরেরা কামরণে অনেককাল রাজত্ব করেন এবং ইহারাই আসামের ইভিহাসে অন্ধপ্রক্রেশীর বলিয়া বিখ্যাত। আসামের ইভিহাস লেখক রবিনসন্ সাহেব এই বোগিনীতত্ত্বের উল্লেখ করিয়া বলেন বে ''করতোয়া নদীর তীরে জন্ম নাগশহর নামে এক আন্ধণ কুলার কামরণের রাজা হইয়া এতদেশে হিন্দুধর্মের পূলঃ প্রচলন করিয়াছিলেন।" বাহা হউক গোগিনী তত্ত্বের উপাধ্যান ভাগ ছাজিরা দিলে দেখা বার বৈ কোন অঞ্জাত কুললীল জারজ্ব আন্ধণ সন্তান কামরণের রাজা হন এবং তাঁহার উদ্যোগে বৌদ্ধর্ম এতদেশ হইতে তিরোছিত হয়।

অনেকে বলেন এ প্রদেশে বৌদ্ধর্ম প্রোতে ব্রাহ্মণ্যধর্ম স্থাপ্রার হইলে পূর্ববন্ধ হইতে তান্ত্রিক পরিব্রান্ধকরা আসিয়া শক্তিপুনার প্রচনন করেন। যাহা হউক হিন্দুধর্ম প্রচারকগণের পরিপ্রমান্ত হত্তে বে বৌদ্ধর্ম প্রভানকণ ইইতে তিরোহিত হইয়াছিল তাহাতে কোন সংশ্য নাই।

বৌদ্ধর্ম এছদঞ্চল হইতে তিরোহিত হইলেও পূর্ণেরা জেলার নিম্নশ্রেম্বার্থ ছিল্পু অধিবাদিগণের আচার ব্যবহার ও ভাষায় অন্যাণিও তাহার প্রজাব দৃষ্ট হইয়া থাকে। বৌদ্ধর্মের জাতি বিচার নাই, এ জ্বন্ধ বৌদ্ধর্থাধান্তের সময় অসবর্ণ ও বিধবা বিবাহ প্রচলিত হওরায় অনেক সঙ্করবর্ণের উত্তর হইরাছিল। বিধবা বিবাহ অন্যাপিও এ জেলার নিম্নশ্রেণীস্থ হিল্পুগণের মধ্যে প্রচলিত আছে। স্বামীর মৃত্যু ইইলে সেই বিধবালাত্বধূর দেবরের সহিত বিবাহ হয়। বিবাহপদ্ধতিরও নানাপ্রকার ব্যতিক্রমে দৃষ্ট হইয়া থাকে। এ বিষয় পরে যথাস্থানে লিখিত হইবে। বৌদ্ধ প্রাথান্তের সময় নেপাল, ভোট, আসাম, বর্মা, চীন, তিববক প্রভৃতি দেশের লোকের এ জেলার সর্বান গতিবিধি থাকায় এ দেশের ভাষাও নানাদেশের মিশ্রণ শক্ষে এক প্রকার কিন্তুত কিমাকার হইয়াছে। বিহারের কায়েতী শক্ষে বাপালা ও আসামীয় শক্ষ মিশ্রত হইয়া এ দেশের সাধারণ লোকের ভাষা

ইহার সহিত গৌড়েশ্বর ধর্মনারায়ণ নৃণতির বিবাদ উপস্থিত হয় এবং
মহানন্দার তীরে ইহাদিগের পরস্পরে ঘোরতর বৃদ্ধ হয়। বছদিন বৃদ্ধের পর
ছইজনে একদা রাত্রে স্বপ্ন দেখিয়া পর দিন পরস্পর সন্ধি স্থাপন করেন। এই
সন্ধিতে মহানন্দার পূর্বপারস্থ তাবর্ৎ ভ্ভাগ হইতে কমতাপুরেশ্বর বঞ্জিত
হয়েন। এবং ভবিষাতে আর বিবাদ না হয় এজন্ত গৌড় হইতে সাত
জন ব্যাক্ষণ ও সাত জন শ্ব্র কমতাপুরে দৃতস্বরূপ প্রেরিত হয়।\*

এই গৌড়েশ্বর ধর্মনারারণ কোন্ সময়ে বর্ত্তমান ছিলেন আনা
বার না। আদামের ইতিহাসেও এই ত্র্র্র্র্রারারণ ও ধর্মনারারণের
মহানন্দার পারে বৃদ্ধের বিষয় দেখিতে পাওরা যায়। কিন্তু আক্ষেপের
বিষয় এই যে তাহাতেও ত্র্র্র্র্রারারণের রাজ্তকাল নির্পায়ের কোন
কথা উল্লিখিত হয় নাই। যাহা হউক ইকাজে স্বন্ধিই প্রতীয়মান
হইতেছে যে বর্ত্তমান পূর্ণিয়া জেলাব পূর্ব্বভাগ অর্থাৎ মহানন্দার পূর্ব্ব
তাবৎ ভূভাগ এককালে ক্মতাপুরের রাজাদের অধিকারে ছিল পরে
গৌড়েশ্বর তাহা করতলন্থ করেন।

দানসাগর নামক একথানি সংস্কৃত গ্রন্থ খৃষ্টের দ্বাদশ শৃত্যক্ষীর প্রথমভাগে রাজা বলালসেনের সময় রচিত হয়। উহাতে দেখিতে পাওয়া যায় যে রাজ কার্য্যের স্থাবিধার জন্ত সমগ্র গৌড় রাজ্য পাঁচভাগে বিভক্ত ছিল—

- রাচ্—ভাগীরথীর পশ্চিম ও গঙ্গার দক্ষিণ।
- ২। বাগড়ি—পরার দক্ষিণ ও ভাগীরখীর পূর্ব।
- ৩। বংক্তে-প্রার উত্তর এবং করতোগার পশ্চিম ওমহানদার পূর্ব।
- 8। ৰহ-করতোয়া 🗷 পদার পুর্বর পার্শব্র প্রদেশ।
- মিথিলা—মহানকার পশ্চিম।

কমতাপুরত ঘূর্শতনারাধ্ব নানে এজনা রজা আছিল। মহানদা বা মহানদার

বিপারে ধর্মনারাধ্ব নামে গৌড়দেশর রজার স্টাভে দেশ নোরার নিমিত্রে তেঁওর ঘোর

বৃদ্ধ হইছিল। কেইবা দিনো যুদ্ধ হই অনেক লোক নই হল। পাছে ঘুইও জনে এদিনা রাভি

বাব দেখি তার পাছদিনা ছইও স্বি করি স্বিক করিলে। আরু মহানদার সিপার দেশক

ক্ষতেবর ছাড়ি দিলো। আরু গৌড়েখরে দেশর বর বার্ত্ত। লই খাকিবলৈ সাত ঘ্র

বাবাৰ আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বিশ্ব আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বিশ্ব আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বিশ্ব আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বাবাৰ আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বাবাৰ আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বাবাৰ আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বাবাৰ আরু সাত ঘর শুল দিলে। আরু জন্মর করা চলিত্র পর্যা।

বাবাৰ ব

#### পুৰিয়ার ইভিত্ত ।

ইহাতে স্থাপন্ত দেখা বহিতেছে বে বর্ত্তমান বস্তুপার, মালদহ, দিনাজপ্র এবং পৃথিয়া জেলার প্রভাগ অর্থাৎ বলরামপুর ও ক্রফাল্ল থানা গৌড়
রাজ্যের বরেজ্র বিভাগের আর মহানন্দার পশ্চিম অর্থাৎ পৃথিয়ার সদরের অরুর্গত
ভাবৎ ভূতাগ গৌড়ের মিথিলা বিভাগের মধ্যে পড়িতেছে। কিন্তু উত্তরে
পৃথিয়া জেলার কতদ্র পর্যান্ত মিথিলা বিভাগের সীমা নির্দারিত ছিল জানা
বায় না। বাহা হউক বর্ত্তমান পৃথিয়া জেলার উত্তর পশ্চিমের কিয়দংশ
অর্থাৎ থানা বাহাত্তরগল্প ও এরেরিয়া বাতীত সমপ্র ভূভাগেই এই একাদশ
শান্তান্দী হইতে গৌড়ের অধীনে ছিল বলিতে পারা বায় । কিন্তু এসময়
বর্ত্তমান পৃথিয়া সহরের সংস্থাপন ছইয়াছিল কিনা ঠিক বলা বায় না।
আ সময় পৃথিয়া সহরের বংলাপন ছইয়াছিল কিনা ঠিক বলা বায় না।
আ সময় পৃথিয়া সহরে বলিয়া ব্যান্ত বাফিলে অবশ্রু দান সাগর প্রছে
মিথিপা বিভাগ স্থলে পৃথিয়া নাম দেখিতে পাওয়া বাইত। তবে ইহা
মিশ্চর করিয়া বলিতে পারা বায় বে এই বাদশ শতালীতে এ প্রাদেশের
বিরাট রাজ্য অথবা কিরাত বা কিচক রাজ্য এরপ আখ্যা লোপ
শাইয়াছিল। ইহাকে এ সময় বরেজ্র ও মিথিলা বিভাগ বলা হইত।

#### ষ্ঠ অধ্যায় /

----:():----

#### ় সুদলমান অধিকার।

বিতীয় লকপ্ষেন গোড়ের নেন ৰংশের শেষ রাজা। কোন কোন পুরাত্ত্ববিৎ লেথকেরা ইহাকে লাগ্রণ্যদেনও ৰলিয়া থাকেন। ইনি ১২০০ গৃত্তাক পর্যান্ত রাজত্ব করেন। এই লক্ষ্ণ সেনের সময় পূর্ণিরা সহর সংখাপিত হইয়াছিল দেখিতে পাওয়া ধায়। এই পূর্ণিরা সহর ও তৎচতৃস্পার্যন্থ রাজ্য বহিঃশক্রর আক্রমন হইতে রক্ষা করিবার জন্ম লক্ষণ সেন রাজ্যের পশ্চিম সীমায় একটা স্থপ্রশন্ত বাধ প্রস্তুত করাইয়াছিলেন। ইহাকে বীর বাধ কহে। বর্ত্তমান পূর্ণিয়া জেলার পশ্চিমস্থ কুশী নদীর পশ্চিম পারে বর্ত্তমান ভাগলপুর জেলার মধ্যে স্থানে স্থানে এই বীর বাধ

#### পূর্ণিয়ার ইভিব্ত ৷ [২৭]

অদ্যাপি বিদ্যমান আছে। ক্ষিত আছে, এই বীর বাঁগ নির্মাণের পর २३८७ (গोएएर्स्ट्र, निर्सिगाए वर्छमान शूर्विमा ও তन्निकहेवर्छी छ। न मण्णूर्वज्ञरण আপন অধিকারে রাখিতে পারিয়াছিলেন। কালিয়াগঞ্জ থানার অন্তর্গত বর্তমান রামগঞ্জের এক জোশ উত্তর পূর্বেত এক হুসূহৎ নিশ্বল বারিপুর্ণ मीर्धिका मुद्रे इत, উহাকে এ जनकरन "नन्नन्श्रंत" विन्ता थरक । এक्रभ প্রবাদ আছে যে মিতীর লক্ষণ দেন এতদকল আপন অধিকার ভুক্ত ক্রিয়া এই দীর্ষিকা খনন ক্রান, ভদব্ধি উহা "লক্ষ্ণহার" নামে অভিহ্ত হইয়া আসিতেছে। এপ্রাদেশে এই দীর্ঘিকা সম্বন্ধে অনেক গ্রু গুনিতে পাওয়া যায়। এই সময় হইতে বেধে হয় পুর্ণিয়া আখ্যা হইয়া থাকিবে। ইহা অবশ্ৰ স্থীকার ক্রিটে *হইবে* বে এই দাদশ শতাক্রীর শেষ ভাগে পুর্ণিরা বর্ত্তমান সময়ের মত সহর ছিলনা।

ভারতবর্ধ মুসলমানের অধিকাত হইবার কিয়ংকাল পুরের বা তংসমকালে ত্রাহ্মণগণ ও রাজপুতগণ মেণালে প্রাণিষ্ট হইয়া সগর গুরুষ ও নেওয়ার নাম ধেয় ভত্ততা অনার্যা পার্বতা জাতিদিগকে যুদ্ধে পরাস্ত করিয়া আপনা দিগের ধর্মে দ্বীক্ষিত করিতে আরম্ভ করেন এবং আর্য্য ক্রিয়েরা তথাকার রাজা হইয়া নিজ জাধিপত্য ৰিস্তাৰ করেন। এৰম্বিধ ৰিভিন্ন ধর্ম ও ৰংশের সংমিশ্রণে এক অভিনৰ ভাৰের উদয় হইলে ভমারা ভাষাকেম ভাষা পরিবর্ত্তিত হইরা তিবেতীয় ও ভারতীয় সাক্ষেরে মিশ্রণে ধ্যুকুরা নাম গের পৃথক **উপ**ভাষয়ে পরিপত হয়।

এই দ্বিতীয় লক্ষণ দেনের সময় ১২০৩ খৃষ্টাকে মুসলমান দেনাপ্তি ৰজিয়ার থিলিজি বঙ্গদেশ অধিকার করেন। এই রাজ্য পরিবর্তনের সমস্থ স্থাগ পাইরা আর্য্য নেপালিগণ বর্তমান পূর্ণিয়া সহরের উত্তর পর্যান্ত তাৰ্ত্ ভূভাগ আপন রাজ্যভুক্ত করিয়া লয়েন।

নেপালিরা সময়ে সময়ে মুসলমাদ অধিকৃত গ্রাম ও নগরে ধাইয়া প্রজাদিগের শস্যাদি লুঠন প্রভৃতি নানা প্রকার উপদ্রব করিত। গৌড়ের মুদলমান শাসন-কর্তারাও উত্তরাংশ হইতে নেপালীদের গুৰীভূত করিবার **অনেক** চেষ্টা করিয়া-ছিলেন। কিন্তু সফল হইতে পারেন নাই। নেপালীদের উপদ্রৰ নিবারনার্থ

## পূর্ণিয়ার ইতির্ভ।

